


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৭.২২.২০৬

তারিখঃ ০৫/০৬/২০২৩ খ্রি.

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচির আওতায় বাস্তবায়িত সকল আর্থিক কার্যক্রম অনলাইন সফটওয়্যারের মাধ্যমে বাস্তবায়নসহ সদর দপ্তর হতে নিয়মিতভাবে মনিটরিং করা হয়ে থাকে। কিন্তু উপজেলা পর্যায়ে বৈদ্যুতিক লোডশেডিং এর কারণে বারংবার বিদ্যুৎ প্রবাহ বন্ধ/চালুর কারণে এবং দীর্ঘদিনের পুরাতন ইউপিএস নষ্ট হয়ে যাওয়ায় উপজেলা পর্যায়ের কম্পিউটার যন্ত্রাংশসমূহের ক্ষতি সাধিত হচ্ছে। ফলশ্রুতিতে অনেক উপজেলা হতে নিয়মিতভাবে তাৎক্ষণিক ডাটা এন্ট্রি করা সম্ভব হচ্ছে না। এছাড়া এ সকল যন্ত্রাংশ মেরামতের বিপরীতে প্রতি বছর অনেক অর্থ ব্যয় হয়। তাই উপজেলা পর্যায়ের কম্পিউটারসমূহ সচল রাখাসহ তাৎক্ষণিক চাহিদানুযায়ী ডাটা আপডেট করার স্বার্থে প্রতিটি কম্পিউটারের বিপরীতে সর্বোচ্চ ৫০০০ (পাঁচ হাজার) টাকা হারে ৬৫০ ডিএ ইউপিএস উপজেলা পর্যায়ে অর্জিত পরিচালন ব্যয় খাতের অব্যয়িত অর্থ হতে ক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো। উল্লেখ্য, ইউপিএস ব্যতিত কোন কম্পিউটার ব্যবহার করা যাবে না এবং ইউপিএস ক্রয়ের প্রমানক আবশ্যিকভাবে প্রকল্প/কর্মসূচির সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:-----।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:----- জেলা:-----।
৩. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:----- জেলা:-----।
৪. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।